

স্মারক নং-ইআবি/জনসংযোগ, ত.ও প./বিশ্ব.যোগাযোগ/২০২১/০০২৯৭

তারিখ: ১৯ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ

বরাবর

অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

অধিভুক্ত সকল ফাজিল ও কামিল মাদরাসা।

বিষয়: ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশিতব্য ২০২৪ সালের ডায়েরিতে মাদরাসার নাম, ই-মেইল ও মোবাইল/টেলিফোন নম্বর সংশোধন প্রসঙ্গে।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর ২০২৪ সালের ডায়েরি, ক্যালেন্ডার ও ডেক ক্যালেন্ডার প্রকাশ করেছে। ২০২৪ সালের বাৎসরিক ডায়েরিতে আপনার মাদরাসার কোন সংশোধনী থাকলে শুধু ঐ সকল ফাজিল ও কামিল মাদরাসার তথ্য নিম্ন প্রদত্ত নমুনা অনুযায়ী ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর বরাবর ডাক/কুরিয়ার এবং ই-মেইল iapro.bd@gmail.com এর মাধ্যমে আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:-


নমুনা ছক:

ছকটি ফাজিল ও কামিল মাদরাসার নিজস্ব প্যাডে অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)-এর স্বাক্ষরসহ পূরণ করতে হবে।

মাদরাসার নাম ও ঠিকানা	ই-মেইল	অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) মোবাইল/টেলিফোন	অফিস নম্বর মোবাইল/টেলিফোন

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে উল্লেখিত ঠিকানায় আপনার মাদরাসার সংশোধনী প্রেরণ না করলে, বিশ্ববিদ্যালয় ধরে নিবে ২০২৪ সালের প্রকাশিত ডায়েরিতে আপনার মাদরাসার তথ্য সঠিক আছে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে


(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)
রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-ইআবি/জনসংযোগ, ত.ও প./বিশ্ব.যোগাযোগ/২০২১/০০২৯৭

তারিখ: ১৯ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) ট্রেজারার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ২) ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলর মহোদয়কে সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩) প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়কে সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৪) অফিস নথি।


(ড. মোঃ আবু হানিফা)
উপ-রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়